



...  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮.৩৯১

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯

০৪ আগস্ট ২০২২

বিষয়: রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলার ২১/০১/২০২০খ্রি. তারিখের আদেশের প্রেক্ষিতে নোয়াখালী জেলার বেগমগঞ্জ দারুলফালাহ ফাযিল মাদ্রাসার নির্বাচিত গভর্নিং বডির সভাপতি ডা. মো: মোস্তার হোসেনে এর মাধ্যমে এমপিও বিল ছাড়করণের নিমিত্ত পুনঃবিবেচনাকরণ সংক্রান্ত।

সূত্র: (১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮.৩০৯, তারিখ: ০৭/০৬/২০২২খ্রি.

(২) অধ্যক্ষ, দারুলফালাহ ফাযিল মাদ্রাসার স্মারক নং- ৩২০, তাং ১৫/০৬/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন দারুলফালাহ ফাযিল মাদ্রাসা'র নির্বাচিত গভর্নিং বডির সভাপতি ডা. মো: মোস্তার হোসেনে এর মাধ্যমে এমপিও বিল ছাড়করণের বিষয়ে ইতিপূর্বে আবেদন দাখিল করা হয়েছিল। সে প্রেক্ষিতে রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রতিকারমূলক কোন আদেশ প্রদান করা হয়নি বিধায় আবেদনকারীর প্রার্থীতমতে কোন নির্দেশনা দেয়ার সুযোগ নেই মর্মে গত ০৭/০৬/২০২২খ্রি. তারিখে সূত্রের (১) নম্বর স্মারকমূলে আবেদনকারীকে (আবেদনে বর্ণিত ই-মেইল ঠিকানায়) জানিয়ে পত্র দেয়া হয়েছে। একই বিষয়ে পুনঃবিবেচনার জন্য সূত্রোক্ত (২) নং আবেদন দাখিল করা হয়েছে। ফাযিল ও কামিল মাদ্রাসা'র গভর্নিং বডির অনুমোদন সংক্রান্ত কার্যক্রমটি ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। তাছাড়া ট্রাস্ট আইনের অধীনে উক্ত প্রতিষ্ঠানের গভর্নিং বডি অনুমোদন সংক্রান্ত বিষয়ে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলাটি চলমান।

২। এমতাবস্থায়, যেহেতু আবেদনকারীর প্রার্থীতমতে কোন নির্দেশনা দেয়ার সুযোগ নেই মর্মে গত ০৭/০৬/২০২২খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নম্বর স্মারকমূলে আবেদনকারীকে জানিয়ে দেয়া হয়েছে, তাছাড়া এ সংক্রান্তে রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলার কার্যক্রম চলমান রয়েছে সেহেতু দাখিলকৃত আবেদনটি এ পর্যায়ে পুনঃবিবেচনা করার সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৪-৮-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ

সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫২৩৬১

ফ্যাক্স: ০২-৯৫৮৪৪৬৬

ইমেইল: dstmed17@yahoo.com

অধ্যক্ষ, দারুলফালাহ ফাযিল মাদ্রাসা, খানপুর, উপজেলা- বেগমগঞ্জ,  
নোয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮.৩৯১/১(৩)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯

০৪ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



৪-৮-২০২২

মোঃ নুরুল ইসলাম শেখ  
সহকারী সচিব